HSC English 2nd Paper – Practice with Answer Sheet

Topic : Formal Letter (Complaint Letter) বাংলা অর্থসহ

1. Complaint letter about damaged road.

To,
The Mayor,
Barisal City Corporation, Barisal.

Subject: Complaints about damaged roads

Sir,

I respectfully state that, I am a local resident of Ward No. 1 of Barisal City Corporation. Our ward is one of the most important areas of the city. As a result, a large number of pedestrians and vehicles move from the road in this area every day. But the sad thing is that the roads in this area are not being renovated for a long time. As a result the roads have become impassable. Due to this, various types of accidents are happening on the road every day. Besides, the roads are filled with various potholes and water accumulates in them during the rainy season. As a result, it becomes impossible to move from the road.

In such a situation, you are urgently requested to take appropriate measures to repair the roads of ward No. 1 as soon as possible.

Your obidient,
Rabiul Islam
For the residents of Ward No. 1, Barisal City Corporation.

বাংলা অনুবাদ

বরাবর,
মাননীয় মেয়র,
বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।

বিষয়ঃ ভাঙা সড়কের বিষয়ে অভিযোগ।

জনাব,

যথাযথ সম্মানপূর্বক নিবেদন করছি যে, আমি বরিশাল সিটি কর্পোরেশনের ১ নম্বর ওয়ার্ডের একজন স্থানীয় বাসিন্দা। আমাদের এই ওয়ার্ডটি শহরের অন্যতম গুরুত্বপূর্ণ একটি এলাকা। যার ফলে প্রতিদিন এই এলাকায় প্রচুর পরিমাণে পথচারী ও যানবাহন রাস্তা থেকে চলাচল করে। তবে দুঃখের বিষয় এই যে, দীর্ঘদিন যাবৎ এই এলাকার রাস্তাগুলো সংস্কার করা হচ্ছে না। ফলে রাস্তাগুলো চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এতে করে প্রতিদিনই রাস্তায় বিভিন্ন প্রকার দুর্ঘটনা ঘটেই চলছে। পাশাপাশি রাস্তাগুলো বিভিন্ন খানা-খন্দে ভরে যাওয়ায় বর্ষকালে এতে পানি জমে থাকে। ফলে রাস্তা থেকে তখন চলাচল করা অসম্ভব হয়ে পড়ে।

এমতাবস্থায়, আপনার নিকট জোড়াল আহ্বান, অতিদ্রুত ১ নম্বর ওয়ার্ডের রাস্তাগুলো সংস্কার করার ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

আপনার অনুগত
রবিউল ইসলাম
১ নম্বর ওয়ার্ড, বরিশাল সিটি কর্পোরেশনের বাসীন্দাদের পক্ষে।

2. Complaint letter about bad/ dammaged product.

To,
The Manager,
Friends Book Library, Dhaka.

Subject: Complaint regarding supply of defective goods.

Sir,

With due respect I state that, I ordered several books of stories, poems and novels from your bookstore last week. I received those books yesterday. But much a matter of regret, except 2 books in the packet, the rest of the books are not intact. Most of the pages of these books are torn, which is not at all readable. I have sent the torn books to your shop along with this complaint letter.

Therefore, request to sir, check the condition of these books and send the good books as soon as possible.

Your faithful
Rahima Akhtar,
Sadar Road, Barisal
Mobile Number: 017...

বাংলা অনুবাদ

বরাবর,
ম্যানেজার,
ফ্রেন্ডস বুক লাইব্রেরি, ঢাকা।
বিষয়: নষ্ট পণ্য সরবারহের বিষয়ে অভিযোগ।
জনাব,
যথাযথ সম্মানপূর্বক নিবেদন করছি যে, আমি গত সপ্তাহে আপনার বইয়ের দোকান থেকে বেশকিছু গল্প, কবিতা ও উপন্যাসের বই অর্ডার করেছিলাম। গতকাল আমি সেই বইগুলো হাতে পেয়েছি। কিন্তু বড়ই হতাশার বিষয়, প্যাকেটের মধ্যে ২টি বই ছাড়া বাকী বইগুলো অক্ষত নয়। এ বইগুলোর বেশিরভাগ পৃষ্ঠা ছেঁড়া, যা একদমই পড়ার উপযোগী নয়। আমি এই অভিযোগ পত্রের সাথে ছেঁড়া বইগুলো আপনাদের দোকানে পাঠিয়ে দিয়েছি।
অতএব, জনাবের নিকটে অনুরোধ, এ বইগুলোর অবস্থা যাচাই করে যত দ্রুত সম্ভব ভালো বইগুলো প্রেরণ করবেন।
আপনার বিশ্বস্ত
রাহীমা আক্তার,
সদর রোড, বরিশাল
মোবাইল নম্বর: ০১৭...

3. Complaint letter about traffic system.
To,
The Commissioner of Police,
Rajshahi Metropolitan Police, Rajshahi
Subject: Complaints about unbearable traffic congestion across the city.
Sir,
On behalf of the residents of Rajshahi resident, I would like to inform you that recently the level of unbearable traffic congestion is increasing throughout the city. More vehicles than demand, unpaved roads and haphazard parking lead to daily traffic jams on the major roads of the day. As a result people cannot go to their workplace on time. School-college going students cannot attend classes on time. Also, sick patients are not able to reach the hospital quickly. The trend of car parking can be observed everywhere on the side of every road in the city. As a result, there is not enough space for movement on narrow roads. People's precious time is wasted by getting stuck in traffic for hours every day. Which is by no means desirable.
Therefore, appeal to you, to take appropriate measures to decongest the city roads. So that everyone can be saved from this indescribable daily suffering.
Yours faithfully,
Shamsul Arefin,
For the residents of Rajshahi resident.

বাংলা অনুবাদ

বরাবর,
পুলিশ কমিশনার,
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
বিষয়: নগরীজুড়ে অসহনীয় যানজটের বিষয়ে অভিযোগ।
জনাব,
রাজশাহী মহানগরীর বাসিন্দাদের পক্ষ থেকে জানাচ্ছি যে, সম্প্রতি নগরীজুড়ে অসহনীয় যানজটের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। চাহিদার তুলনায় অধিক যানবাহন, অপ্রশস্ত রাস্তা এবং যত্রযত্র গাড়ি পার্কিংয়ের ফলে দিনের গুরুত্বপূর্ণ সড়কগুলোতে প্রতিদিনই যানযট লেগেই থাকে। এর ফলে মানুষ সঠিক সময়ে তাদের কর্মস্থলে যেতে পারেন না। স্কুল-কলেজগামী শিক্ষার্থীরা যথা সময়ে ক্লাসে উপস্থিত হতে পারে না। পাশাপাশি অসুস্থ্য রোগীরাও দ্রুত হাসপাতালে পৌঁছাতে পারছে না। নগরীর প্রতিটি সড়কের পাশেই যত্রতত্র গাড়ি পার্কিংয়ের প্রবণতা লক্ষ্য করা যায়। এর ফলে সরু রাস্তাগুলোতে চলাচলের জন্য পর্যাপ্ত জায়গা থাকে না। প্রতিদিন ঘণ্টার পর ঘণ্টা যানজটে আটকে পরে মানুষের মূল্যবান সময় নষ্ট হচ্ছে। যা কোনভাবেই কাম্য নয়।
অতএব, জনাবের কাছে আহ্বান, নগরীর সড়গুলোকে যানযটমুক্ত করার উদ্দেশ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। যাতে করে সবাই দৈনন্দিন এ অবর্ণনীয় কষ্ট থেকে রক্ষা পাই।
শামসুল আরেফিন,
আপনার একান্ত অনুগত,
রাজশাহী মহানগরীর বাসিন্দাদের পক্ষে।

4. Complaint about load shedding.
To,
The Director,
Divisional Power Supply Directorate, Sylhet.

Subject: Complaint regarding excessive load shedding.

Sir,

With due respect we state that, we the residents of Sylhet Moulvibazar district are in indescribable suffering due to intense load shedding in the heat of this summer. Almost half of the day our city is without electricity. Load shedding continues for long periods of time even at night. Every day due to lack of electricity our daily life activities are disrupted. Sick patients are suffering, students are not able to concentrate on their studies, factory production is disrupted. In this situation, it becomes very urgent to take action on this endless suffering.

So, I humbly request you to take urgent steps for uninterrupted power supply in Moulvibazar district.

Loyal to you

Raisul Islam

For the residents of Moulvibazar district.

বাংলা অনুবাদ

বরাবর,

পরিচালক,

বিভাগী বিদ্যুৎ সরবারহ অধিদপ্তর, সিলেট।

বিষয়ঃ মাত্রাতিরিক্ত লোড শেডিংয়ের (বিদ্যুৎ বিভ্রাট) বিষয় অভিযোগ।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমরা সিলেট মৌলভীবাজার জেলার বাসীন্দারা এই গ্রীষ্মের প্রচণ্ড গরমে তীব্র লোডশেডিংয়ে অবর্ণনীয় কষ্টে আছি। দিনের প্রায় অর্ধেক সময় আমাদের শহর বিদ্যুৎহীন হয়ে পড়ে। রাতেও দীর্ঘ সময় ধরে লোড শেডিং অব্যহত থাকে। প্রতিদিন বিদ্যুতের অভাবে আমাদের দৈনন্দিন জীবনের কাজকর্মে ব্যাঘাত ঘটছে। অসুস্থ্য রোগীরা কষ্ট পাচ্ছে, শিক্ষার্থীরা পড়ার মনযোগ দিতে পারছে না, কলকারখানার উৎপাদন ব্যহত হচ্ছে। এমতাবস্থায় এই সীমাহীন দুর্ভোগের বিষয়ে পদক্ষেপ নেওয়া খুবই জরুরী হয়ে পড়েছে।

সুতরাং, আপনার নিকট বিনীত অনুরোধ, মৌলভীবাজার জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবারহের জন্য জরুরী পদক্ষেপ গ্রহণ করবেন।

আপনার অনুগত

রাইসুল ইসলাম

মৌলভীবাজার জেলার বাসীন্দাদের পক্ষে।

5. Complaint letter about anti-social activities.

To,

The Commissioner of Police,

Khulna Metropolitan Police, Khulna

Subject: Complaints about anti-social activities in our town.

Sir,

I hereby submit that our Bagerhat district headquarter is very well known to the people. But recently various anti-social activities, terrorist activities, thefts and robberies are increasing in the city. As the main town of the district, various educational institutions, office courts, hospitals and other important institutions, there is high traffic here. But people are afraid to go on the streets at night. Pedestrians lose everything to robbers. Girls are not able to go to school and college for fear of being molested by naughty boys. In addition, in the evening, drug sessions are held all over the city. Which is driving our youth towards destruction.

Therefore, I request you to take necessary measures to prevent all kinds of anti-social and terrorist activities in order to make Bagerhat district living-friendly for all.

Your faithful

Sabina Yasmin

For the residents of Bagerhat district.

বাংলা অনুবাদ

বরাবর,

পুলিশ কমিশনার,

খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা

বিষয়ঃ শহরজুরে অসমাজিক কর্মকাণ্ডের বিষয়ে অভিযোগ।

জনাব,

সবিনয় নিবেদন করছি যে, আমাদের বাগেরহাট জেলাটি সদরটি খুবই সুনামের সাথে মানুষের কাছে পরিচিক।

কিন্তু সম্প্রতি শহরজুড়ে ঘটা বিভিন্ন অসমাজিক কার্যকলাপ, সন্ত্রাসী কর্মকাণ্ড, চুরি-ডাকাতি বেড়েই চলছে। জেলার প্রধান শহরটি বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, অফিস আদালত, হাসপাতাল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হওয়ায় এখানে মানুষের আনাগোনা বেশি। কিন্তু রাত হলেই মানুষ রাস্তায় নামতে ভয় পাচ্ছে। ছিনতাইকারীদের আক্রমণে পথচারী তার সর্বস্ব হারাচ্ছে। বখাটে ছেলেদের দ্বারা লাঞ্ছিত ও উত্ত্যক্ত হওয়ার ভয়ে মেয়েরা স্কুল-কলেজে যেতে পারছে না। এছাড়াও সন্ধ্যা হলেই শহরের আনাচে-কানাচে মাদকের আসর বসে। যা আমাদের যুব সমাজকে ধ্বংসের দিকে ধাবিত করছে।

সুতরাং আপনার নিকট আকুল আবেদন, বাগেরহাট জেলাটি সকলের জন্য বাস উপযোগী করার স্বার্থে সকল প্রকার অসমাজিক ও সন্ত্রাসী কর্মকাণ্ড রুখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আপনার বিশ্বস্ত
সাবিনা ইয়াসমিন
বাগেরহাট জেলার বাসীন্দাদের পক্ষে।

6. Complaint letter about mosquito-menace.

To,
The Mayor,
Rangpur City Corporation, Rangpur.

Subject: Regarding complaints against mosquito menace.

Sir,

Humble submission that I am a local resident of Rangpur City Corporation. Mosquito infestation is increasing in our city for several months. Mosquitoes are everywhere around the house. And now during the year, waterlogging has occurred in different parts of the city. As a result dengue mosquitoes are born in these accumulated dirty water. The general population of the city has become sick due to the attack. Already, severe pressure of dengue affected patients is being noticed in Zilla Sadar Hospital. So now, if the authirity does not take proper measures to kill mosquitoes, the residents will have to suffer more.

So I request to sir, city corporation to apply mosquito repellent in every ward of the city. In addition, necessary measures should be taken to remove waterlogging in different parts of the city.

Loyal to you
Sultana Parveen
For the residents of Ward No. 5, Khulna City Corporation.

বাংলা অনুবাদ

বরাবর,
মাননীয় মেয়র,
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

বিষয়: মশার উৎপাতের বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি রংপুর সিটি কর্পোরেশনের একজন স্থানীয় বাসিন্দা। বেশ কয়েকমাস ধরে আমাদের নগরীতে মশার উপদ্রপ বেড়েই চলছে। বাড়ি-ঘরের আনাচে-কানাচে সর্বত্রই মশার উৎপাত। আর এখন বর্ষকাল চলায় নগরীর বিভিন্ন স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। ফলে এসব জমে থাকা নোংরা পানিতে ডেঙ্গু মশার জন্ম হচ্ছে। যার আক্রমণে নগরীর সাধারণ জনগণ অসুস্থ্য হয়ে পড়েছে। ইতোমধ্যেই জেলা সদর হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগীদের তীব্র চাপ লক্ষ্য করা যাচ্ছে। সুতরাং এখন নগরী থেকে মশা নিধনের যথাযথ কার্যক্রম গ্রহণ না করা হলে বাসীন্দাদের আরো বড় ধরনের দুর্ভোগ পোহাতে হবে।

তাই জনাবের কাছে আকুল প্রার্থনা, সিটি কর্পোরেশনের পক্ষ থেকে নগরীর প্রতিটি ওয়ার্ডে মশা নিধনের জন্য ওষুধ প্রয়োগ করা হোক। পাশাপাশি নগরীর বিভিন্ন স্থানে জলাবদ্ধতাগুলো দুর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

আপনার অনুগত
সুলতানা পারভীন
৫ নম্বর ওয়ার্ড, খুলনা সিটি কর্পোরেশনের বাসীন্দাদের পক্ষে।

7. Complaint letter about shortage of drinking water.

To,
The Director,
WASA, Dhaka.

Subject: Complaints about shortage of drinking water.

Sir,

It is reported that for the last two months there is a shortage of safe drinking water in Mymensingh Sadar Upazilla. Every day water taps are not getting water on time. As a result, we have to suffer a lot of difficulties in doing various household tasks including cooking. There are few tube wells in the area. Which is not enough compared to the requirement. As a result, people have to stand in long queues for hours to collect small amounts of water.

Therefore, we earnestly pray to you sir, considering the unlimited suffering of the residents of our Sadar Upazila, please take measures so that we can get enough water on a regular basis.

Your faithful,
Al-Amin,
For the residents of Mymensingh Sadar Upazila.

বাংলা অনুবাদ

বরাবর,
পরিচালক,
ওয়াসা,
বিষয়ঃ পানযোগ্য পানির সংকট সম্পর্কে অভিযোগ
জনাব,

সবিনয় নিবেদন এই যে, গত দু'মাস ধরে ময়মনসিংহ সদর উপজেলায় পানযোগ্য নিরাপদ পানির সংকট দেখা যাচ্ছে। প্রতিদিন সময়মত পানির কলগুলোতে পানি আসছে না। ফলে রান্না-বান্নাসহ গৃহস্থলীর নানাবিধ কাজ করতে আমাদের ভীষণ রকমের অসুবিধা ভোগ করতে হচ্ছে। এলাকায় অল্পকিছু টিউবওয়েল রয়েছে। যা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। এর ফলে মানুষকে ঘণ্টার পর ঘণ্টা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে সামান্য পরিমাণে পানি সংগ্রহ করতে হচ্ছে।

সুতরাং জনাবের কাছে আকুল প্রার্থনা, আমাদের সদর উপজেলার বাসীন্দার সীমাহীন এ দুর্ভোগের কথা বিবেচনা করে আমরা যাতে নিয়মিত যথেষ্ট পরিমানে পানি পেতে পারি, সেই ব্যবস্থা গ্রহণ করবেন।

আপনার বিশ্বস্ত,
আল-আমীন,
ময়মনসিংহ সদর উপজেলার বাসীন্দাদের পক্ষে